

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

ফোন-০২-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩

www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৭৫.১৮/২৭৯৭ হি-১

তারিখঃ

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ।

বিষয়ঃ কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের নির্মাণ কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে খরচ করার জন্য ২০.৩৫ লক্ষ (বিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকার স্মারক নম্বর-৭৯০ তারিখ-২৪/০৬/২০১৯খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত ২০.৩৫ লক্ষ টাকা হিসাবের কোড নং-৫-১৪৩০৪-২২৪১৪২৮০০-৪১১১২০১ খাতে ২০১৮-২০১৯ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/ বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করার নিমিত্ত নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ এর নিকট পুনঃবরাদ্দ প্রদান করে এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবে :

- ০১। বরাদ্দকৃত অর্থ পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তির পর ব্যয় করতে হবে।
- ০২। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে। কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- ০৩। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরেই খরচ করতে হবে এবং খরচের হিসাব এ অধিদপ্তরের/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।
- ০৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিদ পরিশোধকারী দায়ী থাকবে।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোন-৯৫৬৮৯১৪।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৭৫.১৮/২৭৯৭(০৭) হি-১

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার একমানুযায়ী নয়)।

- ০১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ময়মনসিংহ।
- ০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (পেকু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা। ইহা উপরোক্ত তাঁর স্মারক ও তারিখের বরাতে।
- ০৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-ময়মনসিংহ।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এম, আই, এস (ম্যানেজমেন্ট অব ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গ্রহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-ময়মনসিংহ।
- ১৪। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।